# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — মান— ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মইন সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। তাঁর ছেলে ফাহিম স্কুল থেকে ফেরার পথে বাবাকে দেখে মাথায় টুপি। বাবা নামাজ পড়ার কথা জিজ্ঞাসা করলে সে উত্তর দেয়, 'হ্যাঁ পড়েছি'। অতঃপর বাবা তার কষ্ট লাঘবের জন্য ছেলের স্কুল ব্যাগটি নিজ কাঁধে নিলেন। কিন্তু ব্যাগটি তার কাছে হালকা মনে হওয়ায় ব্যাগটি খুলে দেখলেন ব্যাগে কয়েকটি গল্পের বই আছে। বাবা ভীষণ রাগ হলেন এবং স্কুলের বই কোথায় জিজ্ঞাসা করলে ছেলে ফাহিম উত্তর দেয় "আগেই বাড়িতে রেখে এসেছি"। ফাহিমের উত্তরের বাবা সন্তুষ্ট হলেন না।

ক. 'রাউফুন' শব্দের অর্থ কী? ১

খ. প্রত্যেক জাতির জন্য আল্লাহ কেন রসুল পাঠিয়েছেন? ২

গ. ফাহিমের চরিত্রে কিসের নিদর্শন ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. সন্তানের প্রতি মইন সাহেবের মনোভাব বিশ্লেষণ কর। ৪

২। শিক্ষক অষ্টম শ্রেণিতে পাঠদানকালে ইসলামের পাঁচটি ভিত্তি নিয়ে আলোচনা করছিলেন। তিনি ছাত্রদের নিয়মিত নামাজ আদায় করে কিনা জিজ্ঞাসা করলে সালাম ও বরকত উত্তর দেয় মাঝে মাঝে পড়ে। শিক্ষক বললেন, ইসলামের মূল বিষয়গুলো পরিপূর্ণভাবে আদায় না করে প্রকৃত মুমিন হওয়া যায় না। যারা ইমান আনে ও সৎকর্ম করে তারাই হবে সফলকাম।

ক. ইমান কী? ১

খ. ইমানের সাতটি বিষয় বিশ্বাস রাখা জরুরি— কেন? ২

গ. সালাম ও বরকত কীভাবে পরিপূর্ণ মুমিন হতে পারে— ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমান আনার ফলে সালাম ও বরকত কী কী সুফল পেতে পারে— বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৩ ▸ রাবেয়া ও রোকেয়া দুই বান্ধবী। কথা প্রসঙ্গে রাবেয়া রোকেয়াকে জিজ্ঞাসা করে, কুরবানির প্রথা কীভাবে হয়েছে। রোকেয়া উত্তরে বলে, তুমি কুরআন পড়লেই জানতে পারবে। তিনি আরও বলেন, বস্তুত কুরবানির শিক্ষা মানুষকে আত্মত্যাগী ও পরোপকারী হতে সাহায্য করে।

ক. কুরবানি অর্থ কী? ১

খ. কুরবানির পশুর বর্ণনা দাও। ২

গ. রাবেয়ার প্রশ্ন অনুযায়ী কুরবানি প্রথা কীভাবে চালু হয়েছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে রোকেয়ার সর্বশেষ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ সাদেক হোসেন প্রতিবছর রমজান মাসে সম্পদের হিসাব করেন এবং নির্দিষ্ট অংশ তার এলাকার অভাবী ও দরিদ্রদের মাঝে বণ্টন করেন। তিনি নগদ অর্থের বদলে রিকশা, ভ্যান বা ব্যবসার উপকরণ কিনে দেন। কিন্তু তার ছোট ভাই কলিম হোসেন বছর শেষে হিসাব করে নির্দিষ্ট পরিমাণ অর্থ তার পছন্দের লোকদের মধ্যে বণ্টন করেন।

ক. নিসাবের কত অংশ যাকাত দিতে হয়? ১

খ. শরিয়তের বিধান অনুযায়ী যাকাত আদায়কারীর জন্য সুসংবাদটি কী? ২

গ. কলিম সাহেবের যাকাত প্রদানের পদ্ধতিতে কার আদেশ লঙ্ঘিত হয়েছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. সাদেক হোসেনের অর্থদানের যৌক্তিকতা নিরূপণ কর। ৪

৫ ▸ ইসলামের দৃষ্টিতে সকল মানুষ সমান। আল্লাহ ও রসুলের প্রতি বিশ্বাস স্থাপন করার পর বিশ্বের সকল মুসলমান পরস্পর ভাই। একদিন যারা মহানবি (সা.)-কে হত্যা করার জন্য ষড়যন্ত্রে লিপ্ত হয়েছিল আজ তারাই মহানবি (সা.)-এর কাছে ক্ষমা ভিক্ষা চেয়ে তাঁর দরবারে উপস্থিত হয়। তখন মহানবি (সা.) তাদের ক্ষমা করে বলেন, "আজ তোমাদের বিরুদ্ধে কোনো অভিযোগ নেই, যাও তোমরা মুক্ত স্বাধীন।

ক. উখওয়াত শব্দের অর্থ কী? ১

খ. ইসলামি ভ্রাতৃত্ব কাকে বলে? ২

গ. বিশ্বের সকল মুসলমান ভাই ভাই কীভাবে– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মহানবি (সা.)-এর উক্তিটি পর্যালোচনা কর। ৪

http://teachingbd.com

৬ ▶ ২০১৫ সালে নেপালে ভয়াবহ ভূমিকম্প আঘাত হানে। ফলে নেপালের বহু এলাকা ধ্বংসস্তূপে পরিণত হয়। টিভিতে এ দৃশ্য দেখে মাওলানা বেলায়েত সাহেব তাঁর পুত্র মাহিকে একটি সুরার কথা বল্লেন। মাহি উত্তর দিল, এ সুরার মানবজীবনের পরিসমাপ্তির পর হিসাব নিকাশের কথাও বলা হয়েছে।

ক. আল-ফুরকান অর্থ কী? ১

খ. কুরআন মাজিদের সুরাসমূহকে দুই ভাগে ভাগ করা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনা দেখে বেলায়েত সাহেবের কোন সুরার কথা স্মরণ হয়েছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. মাহির কথার যৌক্তিকতা সংশ্লিষ্ট সুরার আলোকে পর্যালোচনা কর। ৪

৭ ▶ সাদিয়া তার বোন নাজিয়াকে সর্বশেষ অবতীর্ণ সুরার দুটি আয়াতের অর্থ বর্ণনা করে শোনায়। সে বলে, আল্লাহ মহানবি (সা.)-কে উদ্দেশ্য করে বলেছেন, "যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয় এবং আপনি মানুষকে দলে দলে আল্লাহর দীনে প্রবেশ করতে দেখবেন।" নাজিয়া উত্তর দেয়, এর পরে আর কোনো সম্পূর্ণ সূরা অবতীর্ণ হয়নি।

ক. উদ্দীপকে উল্লিখিত বাক্যগুলি কোন সূরার? ১

খ. আল কুরআনকে মানবজাতির হিদায়েতের মূল উৎস বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সূরা থেকে সাদিয়া ও নাজিয়া কী শিক্ষা গ্রহণ করতে পারে– ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সূরার মূল প্রতিপাদ্য বিষয় আলোচনা কর। ৪

৮ ▶ ইসলাম একমাত্র ধর্ম যাতে নারী-পুরুষের মধ্যে কোন বৈষম্য না করে নারীকে দেওয়া হয়েছে সমমর্যাদা। এ সম্পর্কে মহানবি (সা.) বলেন– "হে বিশ্বাসিগণ, স্ত্রীদের সাথে সদয় ব্যবহার করবে। তাদের ওপর তোমাদের যেমন অধিকার আছে, তেমনি তোমাদের ওপরও তাদের অধিকার রয়েছে।" এছাড়াও অন্য হাদিসে পিতা অপেক্ষা মায়ের অধিকার বেশি বলে উল্লেখ করেছেন।

Teachingbd.com

ক. ব্যক্তিকে সুন্দর ও উন্নত করে কী? ১
খ. প্রাক ইসলামি যুগে নারীর অবস্থা ছিল করুণ— কেন? ২
গ. ইসলাম কীভাবে নারীদের মর্যাদা দিয়েছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. বিদায় হজে প্রদত্ত ভাষণে মহানবি (সা.) নারীদের অধিকার সম্পর্কে যে মন্তব্য করেছেন তা বিশ্লেষণ কর। ৪

৯। "হযরত ঈসা (আ.) একমাত্র রাসুল যিনি শেষ জামানায় পৃথিবী ধ্বংস হওয়ার পূর্বে পৃথিবীতে আগমন করবেন। তাঁকে আল্লাহর বিশেষ কুদরতে পিতা ব্যতীত সৃষ্টি করা হয়েছে। কিন্তু তাই বলে ঈসা (আ.) কে আল্লাহর পুত্র ভাবা চরম অপরাধ। কারণ ঈসা (আ.)-এর জন্ম আল্লাহর অসীম ক্ষমতার বহিঃপ্রকাশ মাত্র। সুতরাং সকলের উচিত তাঁর ব্যাপারে সঠিক আকিদা পোষণ করা যে, তিনি আল্লাহর বান্দা ও রাসুল।

ক. পবিত্র কুরআনে 'মাসিহ ইবনে মারিয়াম'কে কী নামে অভিহিত করা হয়? ১
খ. আল্লাহ তায়ালা হযরত ঈসা (আ.)-কে কী কী মুজিজা দান করেন। ২
গ. উদ্দীপকের আলোকে হযরত ঈসা (আ.) আবার দুনিয়ায় আগমন করবেন— ব্যাখ্যা কর। ৩
ঘ. হযরত ঈসা (আ.) সম্পর্কে খ্রিষ্টানদের ভ্রান্ত বিশ্বাস বিশ্লেষণ কর। ৪

১০। কামাল হোসেন এমএ পাস করে দীর্ঘদিন যাবৎ বেকার জীবনযাপন করছেন। তিনি চাকরি খুঁজতে খুঁজতে ধৈর্যহীন হয়ে পড়েছেন। পক্ষান্তরে, জামাল হোসেন ব্যবসায় প্রচুর মুনাফা অর্জন করে আনন্দে আত্মহারা হয়ে ওঠেন। তিনি বন্ধুদের নিয়ে আড্ডা জমিয়ে প্রচুর অর্থ ব্যয় করেন। হঠাৎ করে ব্যবসায় মন্দাভাব দেখা দেওয়ায় জামাল সাহেব অযথা অর্থ ব্যয়ের কথা মনে করে বার বার দুঃখ করেন।

ক. ধৈর্য কী? ১
খ. ধৈর্যের স্তরগুলো ব্যাখ্যা কর। ২
গ. উদ্ভূত পরিস্থিতিতে কামাল সাহেবের কী করা উচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনার আলোকে ধৈর্যের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১১। মনির পিতামাতার ছোট ছেলে। জন্মের পর তার পিতা অনুষ্ঠান করে নাম রাখেন মাহবুবুর রহমান মনির। অনুষ্ঠানে একটি গরু জবেহ করা হয়। এলাকায় সে মনির হিসেবেই পরিচিত। আর অন্যদের কাছে সে মাহবুব নামেই পরিচিত।

ক. আকিকা শব্দের অর্থ কী? ১
খ. সন্তান জন্মের সপ্তম দিনে কয়টি কাজ করা উত্তম? লেখ। ২
গ. মনিরের পিতা কেন অনুষ্ঠান করে তার নাম রাখেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মনিরের পিতা যে অনুষ্ঠান পালন করেছে তার জন্য কোনো সুনির্দিষ্ট বিধিবিধান রয়েছে কি? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 111

সময়—৩০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. আল কুরআনের বিশেষ মর্যাদা ও বৈশিষ্ট্যের সাথে কোনটি সম্পর্কযুক্ত?
ক আল কুরআনে নামসমূহ
খ আল কুরআনের সূরাসমূহ
গ আল কুরআনে আয়াতসমূহ
ঘ আল কুরআনে রুকুসমূহ

২. উপদেশের আরবি প্রতিশব্দ কোনটি?
ক আল হুদা　খ আয যিকির
গ আল ফুরকান　ঘ আন নূর

৩. কোন নিয়মে কুরআন মাজিদ তিলাওয়াত করলে দুটি হরফ একই সময় উচ্চারিত হয়?
ক ইখফার নিয়মে　খ কালবের নিয়মে
গ ইদগামের নিয়মে　ঘ ইযহারের নিয়মে

৪. لَكُمْ دِيْنُكُمْ উচ্চারণে মীম সাকিনের কোন নিয়ম প্রয়োগ হয়েছে?
ক ইযহারের　খ উদগামের
গ ইখফার
ঘ উদগাম ও ইখফার নিয়ম

৫. خَيْرٌ শব্দের অর্থ কী?
ক মাস　খ ভালো　গ সুন্দর　ঘ শ্রেষ্ঠ

৬. সূরা আন-নাসের যে বিষয়ে ইঙ্গিত রয়েছে—
i. মহানবি (সা.)-এর আগমন
ii. মহানবি (সা.)-এর বিদায়
iii. মহানবি (সা.)-এর নবুয়তি দায়িত্বের অবসান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৭. নৈতিক ও মানবিক মূল্যবোধ সম্পর্কিত বিধিবিধান রয়েছে কোন সূরায়?
ক মাক্কী সূরায়　খ মাদানি সূরায়
গ ছোট সূরায়　ঘ বড় সূরায়

৮. হযরত মুসা (আ.) মাদাইয়ানে হিজরত করেছিলেন কেন?
ক ফিরআউনের ভয়ে
খ মাদাইয়ানবাসীর আগ্রহে
গ দেশ পরিবর্তনের জন্য
ঘ পিতামাতার নির্দেশে

নিচের উদ্দীপকটি পড়ে ৯-১২নং প্রশ্নের উত্তর দাও :
যে মানুষটি নিজ দেশ থেকে বিতাড়িত হয়েছিলেন। একদিন তাদের কাছে তিনি বিজয়ী বেশে আসলেন। যিনি জীবনের শেষ পর্যায়ে পৃথিবীবাসীর জন্য ভাষণ দেন। জীবনের সর্ব পর্যায়ে তিনি ছিলেন আদর্শবান।

৯. উদ্দীপকে ইঙ্গিতকৃত মানুষটি কে?
ক হযরত মুহাম্মদ (সা.)　খ হযরত মুসা (আ.)
গ হযরত ঈসা (আ.)　ঘ হযরত দাউদ (আ.)

১০. বিজয়ী বেশে মানুষটি কোথায় প্রবেশ করলেন?
ক মদিনায়　খ মক্কায়
গ মসজিদে নববিতে　ঘ তায়েফে

১১. কত খ্রিস্টাব্দে তিনি বিদায়ী ভাষণ দেন?
ক ৬৩০ খ্রিস্টাব্দে　খ ৬৩১ খ্রিস্টাব্দে
গ ৬৩৩ খ্রিস্টাব্দে　ঘ ৬৩২ খ্রিস্টাব্দে

১২. "তার জীবনে আমাদের জন্য রয়েছে আদর্শ।" মহান আল্লাহ কোন সূরায় তা বর্ণনা করেছেন?
ক সূরা বাকারা　খ সূরা আলে ইমরান
গ সূরা আল আহযাব　ঘ সূরা আল হুজুরাত

১৩. পবিত্র কুরআনে কাদেরকে হাওয়ারি বলা হয়েছে?
ক হযরত মুসা (আ.)-এর অনুসরীদেরকে
খ হযরত ঈসা (আ.)-এর অনুসারীদেরকে
গ হযরত সুলায়মান (আ.)-এর অনুসারীদেরকে
ঘ হযরত মুহাম্মদ (সা.)-এর অনুসারীদেরকে

১৪. হযরত মুসা (আ.) এর উপাধি কী ছিল?
ক খলিফাতুল্লাহ　খ কালিমুল্লাহ
গ রহমাতুল্লাহ　ঘ সাইফুল্লাহ

Teachingbd.com

১৫. কে প্রখর জ্ঞান, প্রজ্ঞা ও ধীশক্তির অধিকারী ছিলেন?
ⓚ হযরত মুসা (আ.)
ⓛ হযরত দাউদ (আ.)
ⓜ হযরত ঈসা (আ.)
ⓝ হযরত সুলায়মান (আ.)

১৬. কোনটি নিষ্পাপ ও কোমলমতি ছাত্রছাত্রীদের চরিত্র হনন করে?
ⓚ অহংকার ⓛ অশ্লীলতা
ⓜ অভদ্রতা ⓝ মিথ্যা

১৭. অহংকারের ধরন কয়টি?
ⓚ ৩টি ⓛ ২টি ⓜ ৪টি ⓝ ৫টি

১৮. দেশপ্রেম বলতে বোঝায়—
i. দেশের ভূখণ্ডকে ভালোবাসা
ii. দেশের জনগণকে ভালোবাসা
iii. দেশের স্বাধীনতা রক্ষা করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৯. কোন কাজ করলে আমরা আল্লাহর সাহায্য লাভ করতে পারি?
ⓚ মানুষকে ভালোবাসলে ⓛ অহংকার না করলে
ⓜ জনসেবা করলে ⓝ পাক-পবিত্র থাকলে

২০. ইসলাম নারীকে যথাযোগ্য মর্যাদা দিয়েছে। এজন্য নারীকে কোন ব্যাপারে সচেতন থাকতে হবে?
ⓚ শিক্ষার ব্যাপারে
ⓛ অধিকার আদায়ের ব্যাপারে
ⓜ দায়িত্বের ব্যাপারে
ⓝ সম্পত্তির ব্যাপারে

২১. 'মুসলমান মুসলমানের ভাই।' কে বলেছেন?
ⓚ মহানবি (সা.) ⓛ আল্লাহ তায়ালা
ⓜ হযত ওমর (র.) ⓝ মুসলিম মনীষিগণ

২২. উন্নত জাতির জীবনী শক্তি কোনটি?
ⓚ দেশপ্রেম ⓛ সমাজসেবা
ⓜ আখলাক ⓝ সততা

২৩. জনাব ফরহাদ সাহেব হজে গিয়ে অসুস্থতার কারণে তাওয়াফুল বিদা আদায় করতে পারেননি। তার হজের কোন বিধান লঙ্ঘিত হয়েছে?
ⓚ ফরজ বিধান ⓛ ওয়াজিব বিধন
ⓜ সুন্নত বিধান ⓝ মুস্তাহাব বিধান

২৪. কোন হজের প্রতিদান একমাত্র জান্নাত?
ⓚ হজে ইফরাদ ⓛ হজে তামাত্তো
ⓜ হজে কেরান ⓝ হজে মাবরুর

২৫. মহানবি (সা.) কখন ইবরাহিমি হজ চালু করেন?
ⓚ হিজরতের পরে ⓛ মক্কা বিজয়ের পরে
ⓜ নবুয়তের পরে ⓝ মিরাজের পরে

■ নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :
জনাব আকমল সাহেব প্রচুর টাকা-পয়সার মালিক। কিন্তু তিনি গরিব-দুঃখীদের নির্দিষ্ট হক পূরণ করেন না।

২৬. জনাব আকমল সাহেব শরিয়তের কোন বিধান আদায় করেন না?
ⓚ ফরজ ⓛ সুন্নত ⓜ মুস্তাহাব ⓝ ওয়াজিব

২৭. জনাব আকমল সাহেবের কর্মকাণ্ডের কারণে পরকালে কী ফল পাবেন?
ⓚ শান্তি ⓛ দুর্ভোগ
ⓜ কঠোর শাস্তি ⓝ তিরস্কার

২৮. যাকাত ফরজ হওয়ার শর্ত কয়টি?
ⓚ ৭টি ⓛ ৮টি ⓜ ৫টি ⓝ ১০টি

২৯. কোনভাবে জীবনযাপন করলে তোমার প্রতিটি কাজ ইবাদতে পরিণত হবে?
ⓚ কুরআন অনুযায়ী ⓛ হাদিস অনুযায়ী
ⓜ ইসলামি বিধিবিধান অনুযায়ী
ⓝ ফিকহ অনুযায়ী

৩০. সেচ প্রদান ছাড়া বৃষ্টির পানিতে উৎপাদিত ফসলের যাকাত কত দিতে হবে?
ⓚ $\frac{১}{১০}$ ভাগ ⓛ $\frac{১}{২০}$ ভাগ
ⓜ $\frac{১}{১২}$ ভাগ ⓝ $\frac{১}{৭}$ ভাগ

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd.com